

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের জরুরি সিভিকেট সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এক জরুরি সিভিকেট সভা অত্র বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিল্টন হলে গত ২৮ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় অনুষ্ঠিত হয়। গুরুত্বপূর্ণ এই সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সভায় উপস্থিত ছিলেন সম্মানিত সিভিকেট সদস্য ও মাননীয় সংসদ সদস্য ডা. মোঃ রুস্তম আলী ফরাজী, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক মোঃ নজরুল ইসলাম, বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশনের সম্মানিত সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব জনাব সরদার আবুল কালাম, বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্ট-এর সম্মানিত সভাপতি জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, বাংলাদেশ কলেজ ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স-এর সম্মানিত সভাপতি অধ্যাপক ডা. মোঃ সানোয়ার হোসেন, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল-এর সম্মানিত সভাপতি অধ্যাপক ডা. মোহাম্মদ সহিদুল্লা, অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, মেডিসিন অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক ডা. এম ইকবাল, সার্জারি অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, নার্সিং অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, সার্জারি বিভাগের সম্মানিত অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, কার্ডিওলজি বিভাগের সম্মানিত অধ্যাপক ডা. মোঃ হারিসুল হক, অনকোলজি বিভাগের সম্মানিত সহকারী অধ্যাপক ডা. সাদিয়া শারমিন প্রমুখ।